গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কয়রা, খুলনা।
www.koyra.khulna.gov.bd

স্মারক নং -০৫.৪৪.৪৭৫৩.০০১.২০.০২৩.২২-৭১৯ তারিখঃ ২৩-১০-২০২২ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃংখলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা ২০১৫ মোতাবেক এবং সরকার কর্তৃক নির্ধারিত বেতনে অত্র উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের নামের পার্শ্বে উল্লিখিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) নিয়োগকল্পে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রকাশ থাকে যে, উত্তর বেদকাশী ইউনিয়নে দফাদার শূন্যপদে কর্মরত মহল্লাদারগণের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে পূরণ করা হবে।

দফাদার

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | পদের নাম | দফাদার শূন্য পদের সংখ্যা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | উত্তর বেদকাশী | গ্রাম পুলিশ (দফাদার) | ০১ | পদোন্নতির মাধ্যমে | ১। দফাদার পদে পদোন্নতির মাধ্যমে দেয়া হবে।<br>২। মহল্লাদার পদে অন্যূন ৭(সাত) বছরের চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে। |

মহল্লাদার

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১. | আমাদী | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০২ ও ০৯ | ০২ | মহল্লাদার পদে সরাসরি নিয়োগ দেয়া হবে।<br>শিক্ষাগত যোগ্যতাঃ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২. | বাগালী | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০২ ও ০৬ | ০২ | |
| ৩. | মহেশ্বরীপুর | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০১ | ০১ | |
| ৪. | কয়রা | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০৩ | ০১ | |
| ৫. | উত্তর বেদকাশী | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০৩ ও ০৭ | ০২ | |
| ৬. | দক্ষিণ বেদকাশী | গ্রাম পুলিশ (মহল্লাদার) | ০১, ০৩, ০৪ ও ০৭ | ০৪ | |

শর্তাবলীঃ

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খুলনা জেলার কয়রা উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন ও সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রসমূহ আগামী ০৯-১১-২০২২ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে নিজ ইউনিয়নের শূন্য পদের বিপরীতে সংশ্লিষ্ট পদের জন্য বন্ধ খামে আবেদন করতে হবে। খামের উপর পদের নাম, ইউনিয়নের নাম ও ওয়ার্ডের নাম লিখতে হবে।

৩। মহল্লাদার পদে প্রার্থীর বয়স ২৫-০৩-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৮-৩০ বছর হতে হবে। এবং

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে-

(ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ);(গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি;

মহিলা প্রার্থীর ক্ষেত্রে-

(অ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; (আ) সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); (ই) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।

৪। আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্তঃ (ক) প্রার্থীর নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা (গ্রাম/মহল্লা, ওয়ার্ড নং, ইউনিয়ন, উপজেলা, জেলা), (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) জাতীয়তা, (জ) ধর্ম, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) বৈবাহিক অবস্থা, (ট) শারীরিক যোগ্যতার পরিমাপ, (ঠ) কোটা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা ০২(দুই) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র, অনলাইনে জন্মনিবন্ধন কপি অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতার ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

৬। সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। সরকার কর্তৃক জারীকৃত কোটা সংক্রান্ত নির্দেশাবলী অনুসরণ করা হবে।

৮। দফাদার পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগদান করা হবে।

৯। আবেদনকারীর পিতা/মাতা গ্রামপুলিশ (দফাদার ও মহল্লাদার) পদে চাকুরীরত থাকলে/চাকুরীকাল অবস্থায় মৃত্যুবরণ করে থাকলে সে বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট থেকে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১০। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের অগ্রাধিকার দেয়া হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে পার্শ্ববর্তী ওয়ার্ড থেকে নিয়োগ প্রদান করা হবে।

১১। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা বরাবর ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১২। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাকটিকিটযুক্ত ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১৩। প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হলে বা পোষ্য হলে মুক্তিযোদ্ধার কোটায় প্রার্থীদের নিম্নবর্ণিত ছকে তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত ছায়ালিপি আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | বীর মুক্তিযোদ্ধার নাম | বীর মুক্তিযোদ্ধার পিতার নাম | বীর মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | বীর মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয় পত্র, জন্ম সনদ, মৃত্যের জন্য মৃত্যু সনদ | মুক্তিবার্তা নম্বর | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর তারিখ ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি নাতনী দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয় পত্র, পিতা মাতার জাতীয় পরিচয় পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা বা মাতার নাগরিকত্ব সনদপত্র প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৫। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩/১০/২২

মোঃ রোকুনুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।
ফোনঃ ০২৪৭৭৭৩১৩০৬
ই-মেইলঃ unokoyra@mopa.gov.bd

স্মারক নং -০৫.৪৪.৪৭৫৩.০০১.২০.০২৩.২২- ৯১১

তারিখঃ ২৩-১০-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জেলা প্রশাসক, খুলনা।
২। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, খুলনা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কয়রা, খুলনা।
৪। উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা।
৫। অফিসার ইনচার্জ, কয়রা থানা, খুলনা।
৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কয়রা, খুলনা।
৭। চেয়ারম্যান, আমাদী/বাগালী/মহেশ্বরীপুর/মহারাজপুর/কয়রা/উত্তর বেদকাশী/দক্ষিণ বেদকাশী ইউনিয়ন পরিষদ, কয়রা, খুলনা। (তাঁকে বিজ্ঞপ্তিটি ইউনিয়ন পরিষদ ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট বাজারে বহুল প্রচারের ব্যবস্থা করানোর জন্য অনুরোধ করা হলো)
৮। নোটিশ বোর্ড।

২৩/১০/২২

মোঃ রোকুনুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
কয়রা, খুলনা।